এইচএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

# বিষয় : হিসাব বিজ্ঞান ১ম পত্র (সৃজনশীল)

বিষয় কোড : ২ | ৫ | ৩

সময়: ২ ঘন্টা ১০ মিনিট | পূর্ণমান: ৬০

[দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমানজ্ঞাপক। 'ক' বিভাগ হতে দুইটি এবং 'খ' বিভাগ হতে যে কোন চারটি নিয়ে মোট ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।]

## ক বিভাগ

১. আকরাম ট্রেডিং এর ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখের প্রস্তুতকৃত রেওয়ামিলটি নিম্নরূপ:

রেওয়ামিল

৩১শে ডিসেম্বর, ২০১৪

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মজুত পণ্য (১-১-২০১৪) | ৭৫,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ১,৫০,০০০ | ৩,০০,০০০ |
| ফেরত | ৫,০০০ | ৬,০০০ |
| মজুরি | ৭,০০০ | |
| ক্রয় পরিবহন | ১০,০০০ | |
| শুল্ক | ৪,০০০ | |
| উত্তোলন ও মূলধন | ১৫,০০০ | ২,৫০,০০০ |
| ১০% বিনিয়োগ | ২,৯০,০০০ | |
| | ৫,৫৬,০০০ | ৫,৫৬,০০০ |

সমন্বয়সমূহ: ১. সমাপনী মজুদ পণ্য ৭০,০০০ (বাজার মূল্য ৬০,০০০ টাকা)। ২.৩০ ডিসেম্বর তারিখের বিক্রয়কৃত ৮,০০০ টাকার পণ্য ক্রেতাকে সরবরাহ করা হয়নি যা সমাপনী মজুদের অন্তর্ভুক্ত রয়েছে। ৩. মালিক কর্তৃক প্রদত্ত ৫,০০০ টাকা বিক্রয় হিসাবে ক্রেডিট করা হয়েছে। ৪. মজুরি অপ্রদত্ত রয়েছে ৩,০০০ টাকা। ৫. মূলধন ও উত্তোলনের উপরে ৫% হারে সুদ ধার্য করতে হবে।

ক. সমাপনী মজুদের প্রকৃত মূল্যের পরিমাণ নির্ণয়। ২

খ. একটি আয় বিবরণীর মাধ্যমে মোট লাভের পরিমাণ নির্ণয় করো। ৪

গ. নিট লাভ ৪০,০০০ টাকা ধরে মালিকানাস্বত্ব বিবরণী তৈরি করো। ৪

২. আবির ট্রেডার্স

রেওয়ামিল

২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে

| ক্রমিক নং | হিসাবের নাম | খ:পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১. | প্রারম্ভিক মজুদ পণ্য | | ৬,০০০ | |
| ২. | ক্রয় ও বিক্রয় | | ৩০,০০০ | ৪২,০০০ |
| ৩. | কমিশন আয় | | | ১,২০০ |
| ৪. | ভাড়া | | | ১,০০০ |
| ৫. | ব্যাংক জমাতিরিক্ত | | | ৪,০০০ |
| ৬. | উত্তোলন ও মূলধন | | ৫,০০০ | ১৫,০০০ |
| ৭. | ব্যাংক জমাতিরিক্তের সুদ | | ২০০ | |
| ৮. | মেরামত খরচ | | ১,২০০ | |
| ৯. | কলকব্জা ও যন্ত্রপাতি | | ২০,০০০ | |
| ১০. | শিক্ষানবিশ ভাতা | | ৮০০ | |
| | | | ৬৩,২০০ | ৬৩,২০০ |

http://teachingbd.com

**সমন্বয়সমূহ:** ১. সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন করা হয়েছে ৩২,৫০০ টাকা। এ মূল্যায়নের পর ২,৫০০ টাকার পণ্য আগুনে বিনষ্ট হয় যা হিসাবভুক্ত হয়নি। ২. ৫০০ টাকা কমিশন অর্জিত হয়েছে কিন্তু এখনো পাওয়া যায়নি। ৩. দুই মাসের ভাড়া পাওনা হয়েছে। ৪. একটি নতুন মেশিনের সংস্থাপন ব্যয় ২০০ টাকা মেরামতের অন্তর্ভুক্ত রয়েছে, মেশিনটি ১/৭/২০১৪ তারিখে সংস্থাপন করা হয়। কলকব্জার উপর ১০% অবচয় ধরতে হবে।

ক. বিক্রিত পণ্যের ব্যয় নির্ণয় করো। ২

খ. মোট মুনাফা ৩৮,০০০ টাকা ধরে নিট মুনাফার পরিমাণ নির্ণয় করো। ৪

গ. সমাপনী মূলধন ৪৫,৯৯০ টাকা ধরে আর্থিক অবস্থার বিবরণী তৈরি করো। ৪

## খ বিভাগ

৩. জনাব আরিফ ৬০,০০০ টাকা নগদ এবং ৪০,০০০ টাকার যন্ত্রপাতি নিয়ে ২০১৪ সালের ১ জুলাই তারিখে ব্যবসায় শুরু করেন।

| | | |
|---|---|---|
| জুলাই | ৩ | ব্যাংক হিসাব খোলা হল ২০,০০০ টাকা। |
| ” | ৭ | পণ্য ক্রয়ের ফরমায়েশ প্রদান করা হল ৩,০০০ টাকা। |
| ” | ১০ | ৫,০০০ টাকার বিল স্বীকৃতি প্রদানের জন্য পাওয়া গেল। |
| ” | ১৩ | মনিহারি বাবদ ব্যয় ৭,০০০ টাকা। |
| ” | ১৬ | নগদে ভাড়া প্রদান ৯০০ টাকা। |
| ” | ২১ | ধারে পণ্য ক্রয় ৯,০০০ টাকা। |
| ” | ২৫ | ব্যক্তিগত প্রয়োজনে উত্তোলন ৫০০ টাকা। |
| ” | ৩১ | যন্ত্রপাতি ক্রয় ৭,০০০ টাকা। |

ক. উপর্যুক্ত ঘটনাগুলোর মধ্যে যেগুলো লেনদেন নয় তার কারণ ব্যাখ্যা করো। ২

খ. জুলাই-১৬ তারিখ পর্যন্ত লেনদেনের হিসাব খাত চিহ্নিত করে কারণসহ হিসাবের শ্রেণিবিভাগ দেখাও। ৪

গ. উপর্যুক্ত লেনদেনগুলো উপর হিসাব সমীকরণের প্রভাব ছকের মাধ্যমে দেখাও। ৪

৪. আরেফিন ট্রেডার্সের ২০১৪ সালের ডিসেম্বর মাসের লেনদেনগুলো নিম্নে প্রদত্ত হল-

| | | |
|---|---|---|
| ডিসে. | ১ | নগদ তহবিল ২০,০০০ টাকা ও ব্যাংক জমার উদ্বৃত্ত (ক্রেডিট) ৬,০০০ টাকা। |
| ” | ২ | নগদ বিক্রয় ২৫,০০০ টাকা। |
| ” | ৪ | শরিফের নিকট হতে ১,৫০০ টাকা পেয়ে তা জহিরকে প্রদান করা হল। |
| ” | ৯ | হাবিবের নিকট হতে ৬,০০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে নগদ ২,৫০০ টাকা এবং ৩,০০০ টাকার একটি চেক পেয়ে তা ব্যাংকে জমা দেয়া হল। |

teachingbd.com

ডিসে. ১১ ব্যাংক হতে উত্তোলন ৫,০০০ টাকা।
" ১৫ রফিককে নগদ ২,০০০ টাকা ও চেকে ১,০০০ টাকা প্রদত্ত হল।
" ২২ প্রারম্ভিক উদ্বৃত্তের ১/৪ অংশ ব্যাংকে জমা দেয়া হল।
" ২৬ হাবিবের চেকটি প্রত্যাখ্যাত হল।

ক. বিপরীত (কন্ট্রা) দাখিলাগুলো চিহ্নিত করে জাবেদাভুক্ত করো। ২

খ. উপযুর্ক্ত লেনদেনগুলো হতে একটি উপযুক্ত নগদান বই প্রস্তুত করো। ৪

গ. নগদ উদ্বৃত্ত ৫,০০০ টাকা রেখে অবশিষ্ট টাকা ব্যাংকে জমা দিলে ব্যাংক উদ্বৃত্তের পরিমাণ নির্ণয় করো। ৪

৫. মালালা প্রসাধনী একটি পাইকারি ব্যবসায়ী। নভেম্বর মাসে নিম্নলিখিত আইটেমগুলো ধারে বিক্রয় করেছে :

২০১৪ নভেম্বর ৫ গাজীপুরের গাফফার এন্ড কোং এর নিকট বিক্রয়: প্রতিটি ১২৫ টাকা করে ২৫ ডজন লিপিস্টিক, প্রতিটি ১০০ টাকা করে ১২৫ পিস সাবান, প্যাকিং ও অন্যান্য খরচ ১,৫০০ টাকা, কারবারি বাট্টা ১০% চালান নং-৫১, শর্ত; ১/১০, নিট-২০

নভেম্বর-১৫ কেরানীগঞ্জের টুম্পা চুরি হাউস এর নিকট বিক্রয়: প্রতি ১০০ পিস সেপপিটিন ৮০ টাকা দরে ২,০০০ পিস সেপটিপিন, প্রতি ডজন নেইল কাটার ৩৬০ টাকা করে ১২০ পিস নেইল কাটার। কারবারি বাট্টা ৫%, চালান নং-৫৭, শর্ত: ২/৭ নিট-২৮।

নভেম্বর-২০ জয়পাড়ার ঐতিহ্য কর্ণার এর নিকট বিক্রয়: প্রতি পিস নেইল পলিশ ৬০ টাকা করে ২৫ ডজন নেইল পলিশ, প্রতি ৪০০ মিলি সানসিল্ক স্যাম্পু ৩২০ টাকা করে ১০০ পিস স্যাম্পু, বহন খরচ ৫,০০০ টাকা, কারবারি বাট্টা ১০% চালান নং-৬০, শর্ত ২/১০ নিট-৩০

ক. নভেম্বর ৫ তারিখের লেনদেনের সাহায্যে একটি চালান তৈরি করো। ২

খ. যদি জয়পাড়ার ঐতিহ্য কর্ণার নগদ বাট্টার সুযোগ গ্রহণ করে তবে নগদ বাট্টার পরিমাণ নির্ণয় করো। ৪

গ. নভেম্বর মাসে মালালা প্রসাধনী কোম্পানির বিক্রয় জাবেদা প্রস্তুত করো। ৪

৬. নিম্নলিখিত ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে নাবিলা ট্রেডার্সের বই হতে দেয়া হয়েছে:

| বিবরণ | টাকা |
|---|---|
| নগদান বই অনুযায়ী ব্যাংক উদ্বৃত্ত | ৩,০০০ |
| ব্যাংক বিবরণী অনুযায়ী উদ্বৃত্ত | ২,৫০০ |
| জমাকৃত অথচ ব্যাংক বিবরণীতে ক্রেডিট হয়নি এমন চেকসমূহ | ১,০০০ |
| ইস্যুকৃত অথচ ভাঙানো হয়নি এমন চেকসমূহ | ৫০০ |
| ব্যাংক কর্তৃক মঞ্জুরিকৃত সুদ | ২০০ |

http://teachingbd.com

| বিবরণ | টাকা |
|---|---|
| নগদান বইতে লেখা হয়নি এমন ব্যাংক চার্জসমূহ | ১০০ |
| জমাকৃত কিন্তু অমর্যাদাকৃত অবস্থায় ফেরত চেকসমূহ | ৪০০ |
| খরিদ্দার কর্তৃক সরাসরি জমা কিন্তু নগদান বইতে লেখা হয়নি | ৮০০ |
| আদায়ের জন্য পাঠানো প্রাপ্য বিল আদায় হয়নি | ৫০০ |

ক. আদায়ের জন্য ব্যাংকে চেক ও বিল জমা দেয়া হয়েছে কিন্তু এখনও আদায় হয়নি এরূপ টাকার পরিমাণ নির্ণয় করো। ২

খ. উপরি-উক্ত তথ্যাবলি হতে উভয় জের সংশোধনী পদ্ধতিতে ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত করো। ৪

গ. উপরি-উক্ত তথ্যাবলি হতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও। ৪

৭. নাহিয়ান ট্রেডার্সের

রেওয়ামিল

২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে

| ক্রমিক নং | হিসাবের নাম | খ:পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১. | প্রারম্ভিক মুজদ পণ্য | | ৮,০০০ | |
| ২. | ক্রয় | | ১,০০,০০০ | |
| ৩. | ক্রয় বাট্টা | | | ২,০০০ |
| ৪. | বিক্রয় | | | ১,২০,০০০ |
| ৫. | বিক্রয় ফেরত | | ২,০০০ | |
| ৬. | মনিহারি | | ২,০০০ | |
| ৭. | রেটস | | ২,০০০ | |
| ৮. | মেশিন | | ৫৭,৫০০ | |
| ৯. | ১০% ঋণ (১/৭/২০১৪) | | | ৫০,০০০ |
| ১০. | ঋণের সুদ | | ৫০০ | |
| | | | ১,৭২,০০০ | ১,৭২,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** ১. অবিক্রিত পণ্যের মূল্য ২,০০০ টাকা। ২. বেতন ১,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি। ৩. মনিহারি অব্যবহৃত ২০০ টাকা। ৪. মেশিনের অবচয় ১,৫০০ টাকা।

ক. ঋণের সুদ বাবদ খরচের পরিমাণ নির্ণয় করো। ২

খ. দশ কলাম বিশিষ্ট কার্যপত্র তৈরি করো। ৪

গ. সমাপনী জাবেদা ও বিপরীত জাবেদা দাখিলা দেখাও। ৪

Teachingbd.com

http://teachingbd.com

৮. জনাব রাশেদের হিসাব বই থেকে নিম্নলিখিত তথ্য পাওয়া গেছে:

| বিবরণ | টাকা |
|---|---|
| বিবিধ প্রাপ্য হিসাব (১/১/২০১৪) | ৪৫,০০০ |
| অনাদায়ী পাওনা সঞ্চিতি (১/১/২০১৪) | ৪,০০০ |
| ধারে বিক্রয় | ৭০,০০০ |
| অনাদায়ী পাওনা | ৩,৫০০ |

জনাব রাশেদের হিসাবরক্ষক সন্দেহজনক পাওনার জন্য ৫% হারে সঞ্চিতি রাখার সিদ্ধান্ত গ্রহণ করেন।

ক. নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতির পরিমাণ নির্ণয় করো। ২

খ. জনাব রাশেদের হিসাব বহিতে জাবেদা দাও। ৪

গ. অনাদায়ী পাওনা হিসাব ও অনাদায়ী সন্দেহজনক পাওনা সঞ্চিতি হিসাব তৈরি করো। ৪

৯. জনাব রফিক একজন খুচরা ব্যবসায়ী। তিনি তাঁর কারবারের হিসাব বহি যথাযথ পদ্ধতিতে সংরক্ষণ করেন না। তার বই হতে নিম্নোক্ত খতিয়ান উদ্বৃত্তগুলো গ্রহন করা হলো:

| হিসাবের নাম | ১-১-২০১৪ টাকা | ৩১-১২-২০১৪ টাকা |
|---|---|---|
| হিসাবের নাম | ১,০০০ | ১,৫০০ |
| মজুত পণ্য | ১৫,০০০ | ২৮,৫০০ |
| প্রাপ্য হিসাব | ২৫,০০০ | ৩৩,৫০০ |
| প্রদেয় হিসাব | ৮,৫০০ | ২০,০০০ |
| প্রদেয় নোট | ২,৫০০ | ৪,০০০ |
| কলকজা ও যন্ত্রপাতি | ২০,০০০ | |
| আসবাবপত্র | ১৫,০০০ | ১৫,০০০ |

মি. রফিক নিজ প্রয়োজনে কারবার হতে সারা বছর ধরে প্রত্যেক মাসের শেষ তারিখে ১,০০০ টাকা করে উত্তোলন করেছেন। এ ছাড়াও কারবার হতে তিনি মোট ৫,০০০ টাকা মূল্যের পণ্য উত্তোলন করেছেন। ১ জুলাই ২০১৪ তারিখে ব্যক্তিগত তহবিল হতে ৪০,০০০ টাকা মূল্যের একটি যন্ত্রপাতি ক্রয় করেন।

**অন্যান্য তথ্যাবলি:** ১. প্রদেয় কারবার খরচ ৩,০০০ টাকা। ২. উত্তোলন ও মূলধনের উপর ১০% সুদ ধার্য করতে হবে। ৩. আসবাবপত্র ও যন্ত্রপাতির উপর ১০% অবচয় ধার্য করতে হবে। ৪. প্রাপ্য হিসাবের ১,৫০০ টাকা আদায়যোগ্য নয় এবং অবশিষ্ট প্রাপ্য হিসাবের উপর ১০% অনাদায়ী পাওনা প্রভিশন ধরতে হবে।

ক. মূলধনের সুদ ও উত্তোলনের সুদ নির্ণয় করো। ২

খ. প্রারম্ভিক ও সমাপনী মূলধনের পরিমাণ নির্ণয় করো। ৪

গ. ২০১৪ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য লাভ-লোকসান বিবরণী প্রস্তুত করো। ৪

http://teachingbd.com

## বিষয় : হিসাববিজ্ঞান ১ম পত্র (বহুনির্বাচনি)

বিষয় কোড : | 2 | 5 | 3 |

সময় : ৪০ মিনিট পূর্ণমান-৪০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

১. আধুনিক হিসাববিজ্ঞানের প্রবর্তক কে?
ⓚ এ ডব্লিউ জনসন ⓚⓗ আর এন কার্টার
ⓖ লুকা প্যাসিওলি ⓖⓗ এল সি ক্রুপার

২. আধুনিক হিসাববিজ্ঞানের জন্মলগ্ন শুরু হয় কত শতাব্দীতে?
ক) পঞ্চদশ খ) অষ্টাদশ
গ) ষোড়শ ঘ) চতুর্দশ

৩. দু'তরফা দাখিলা পদ্ধতির উৎপত্তিকাল কোনটি?
ক) ১৪৪১ খ্রিস্টাব্দ খ) ১৪৪৯ খ্রিস্টাব্দ
গ) ১৪৯৪ খ্রিস্টাব্দ ঘ) ১৩৯৪ খ্রিস্টাব্দ

৪. লেনদেনগুলো স্থায়ীভাবে হিসাবভুক্ত করা হয় কোথায়?
ক) জাবেদায় খ) নগদান বইতে
গ) প্রাথমিক বইতে ঘ) খতিয়ানে

৫. জনাব রিমন একজন দক্ষ হিসাবরক্ষক। হিসাব সংক্রান্ত কাজে নিয়োজিত থাকার কারণে তাকে সব সময় সচেতন থাকতে হয়—
i. মূল্যবোধ সৃষ্টিতে ii. জবাবদিহিতা সৃষ্টিতে
iii. আয় সৃষ্টিতে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৬. হিসাব তথ্য ব্যবহারকারীর বাহ্যিক পক্ষ কোনটি?
ক) মালিক খ) ব্যবস্থাপনা কর্তৃপক্ষ
গ) অভ্যন্তরীণ নিরীক্ষক ঘ) পাওনাদার

৭. ধারে পণ্য ক্রয়ের ফলে হিসাব সমীকরণের কোন কোন উপাদানের পরিবর্তন হয়?
ক) A এবং OE খ) A এবং L
গ) OE এবং L ঘ) OE এবং I

৮. কোন নামিক হিসাবের শিরোনামের সাথে অগ্রিম বা বকেয়া যুক্ত থাকলে তাকে বলে—
ক) চলতি হিসাব খ) বাস্তব হিসাব
গ) ব্যক্তিবাচক হিসাব ঘ) অব্যক্তিবাচক হিসাব

৯. কোন খরচটির জন্য নগদ অর্থ ব্যয় হয় না?
ক) কমিশন খ) বেতন
গ) অবলোপন ঘ) ভাড়া

১০. সমন্বিত ক্রয় বলতে কী বোঝায়?
ক) সমাপনী ক্রয়
খ) ক্রিত পণ্যের বিক্রয়মূল্য
গ) বিক্রীত পণ্যের ক্রয়মূল্য
ঘ) প্রারম্ভিক ক্রয়

১১. আসবাবপত্রের পরিবহন ব্যয় ৩,০০০ টাকা পরিবহন খরচ হিসাবে লেখা হলে এটি কোন জাতীয় ভুল?
ক) লেখার ভুল খ) বাদ পড়ার ভুল
গ) বে-দাখিলার ভুল ঘ) নীতিগত ভুল

১২. বছরের শুরুতে ৫ বছরের জন্য ভাড়া প্রদান ১০,০০০ টাকা হলে বছর শেষে—
i. খরচ হিসাবে দেখাতে হবে ৮,০০০ টাকা
ii. খরচ হিসাবে দেখাতে হবে ২,০০০ টাকা
iii. সম্পত্তি হিসাবে দেখাতে হবে ৮,০০০ টাকা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ১৩-১৫ নং প্রশ্নের উত্তর দাও:
৬০,০০০ টাকার পণ্য ১০% বাট্টায় ক্রয় করে ৬০% টাকা নগদে এবং অবশিষ্টাংশ চেকে পরিশোধ করা হলো।

১৩. লেনদেনটিতে কোন ধরনের বাট্টা জড়িত?
ক) নগদ বাট্টা খ) প্রাপ্ত বাট্টা
গ) কারবারি বাট্টা ঘ) প্রদত্ত বাট্টা

১৪. উক্ত লেনদেনের নগদান হিসাবে কত টাকা ক্রেডিট করতে হবে?
ক) ২২,০০০ খ) ৩২,৪০০
গ) ৩০,৪০০ ঘ) ২৩,৪০০

১৫. অবশিষ্ট টাকা পরিশোধের ফলে কোন শ্রেণির হিসাবের পরিবর্তন হবে?
ক) আয় খ) সম্পদ
গ) দায় ঘ) ব্যয়

উদ্দীপকটি পড়ো এবং ১৬-১৮ নং প্রশ্নের উত্তর দাও:
জনাব রানা একজন ব্যবসায়ী হিসেবে যথারীতি 'ভ্যাট প্রদান করেন। জুলাই মাসে তিনি ৫,০০০ টাকার পণ্য ক্রয় করেন এবং বিনামূল্যে ১,৫০০ টাকার পণ্য বিতরণ করেন। তার ক্রয়ের মধ্যে ১৫% ভ্যাট অন্তর্ভুক্ত আছে।

১৬. জনাব রানার নিট ক্রয়ের পরিমাণ কত?
ক) ৫,০০০ খ) ৩,৫০০
গ) ২,৫০০ ঘ) ১,৬০০

১৭. প্রদত্ত ভ্যাটের পরিমাণ কত টাকা?
ক) ৪৫৫ খ) ৪৫৭
গ) ৪৫৮ ঘ) ৪৫৯

১৮. ১৫% ভ্যাটসহ পণ্য ক্রয়ের জন্য ক্রেডিট করতে হবে কোন হিসাবকে?
ক) প্রদেয় হিসাব খ) প্রদত্ত ভ্যাট হিসাব
গ) নগদান হিসাব ঘ) ক্রয় হিসাব

১৯. দুঘরা নগদান বই হতে একই সাথে কী জানতে পারি?
i. নগদ ব্যালেন্স ii. ব্যাংক ব্যালেন্স
iii. নগদ ও ব্যাংক ব্যালেন্স
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২০. কারবারি বাট্টা লাভজনক—
i. ক্রেতার জন্য ii. দেনাদারের জন্য
iii. মালিকের জন্য
নিচের কোনটি সঠিক?
ক) i খ) i ও ii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২১. হিসাবকাল শেষে প্রাপ্য হিসাবের উদ্বৃত্ত দ্বারা কী বোঝায়?
ক) আয় খ) সম্পদ
গ) দায় ঘ) মালিকানাস্বত্ব

২২. ২/১০ এর অর্থ কী?
ক) দশ দিনের মধ্যে দেনা পরিশোধ করতে হবে
খ) দুই দিনের মধ্যে দেনা পরিশোধ করলে বাট্টা পাওয়া যায়
গ) দশ দিনের মধ্যে দেনা পরিশোধ করলে বাট্টা পাওয়া যায়
ঘ) দুই দিনের মধ্যে দেনা পরিশোধ করতে হবে

Teachingbd.com

উদ্দীপকটি পড়ো এবং ২৩ - ২৫ নং প্রশ্নের উত্তর দাও:
০১/০৭/২০১৪ তারিখে ০২/১০, নিট/৩০ শর্তে আজমল ব্রাদার্স জামালের নিকট ২০,০০০ টাকার পণ্য ধারে বিক্রয় করল। ০৫/০৭/২০১৪ তারিখে ৫,০০০ টাকার পণ্য জামালের নিকট হতে ফেরত আসে। ১০/০৭/২০১৪ তারিখে জামালের নিকট হতে পাওনা অর্থ আদায় হলো।

২৩. নিট বিক্রয়ের পরিমাণ কত?
ক) ১৪,৭০০ টাকা খ) ১৫,০০০ টাকা
গ) ১৯,৬০০ টাকা ঘ) ২০,০০০ টাকা

২৪. ১০/০৭/২০১৪ তারিখে জামালের নিকট হতে কত টাকা আদায় হয়েছে?
ক) ১৪,৭০০ টাকা খ) ১৫,০০০ টাকা
গ) ১৯,৬০০ টাকা ঘ) ২০,০০০ টাকা

২৫. যদি ২৫/০৭/২০১৪ তারিখে জামালের নিকট হতে পাওনা টাকা আদায় হতো তাহলে তার প্রভাব হলো—
i. জামালের নিকট হতে ১৫,০০০ টাকা আদায় হবে
ii. জামালকে ৩০০ টাকা বাট্টা প্রদান করতে হবে
iii. জামাল আয়ের সুযোগ হারাবে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৬. কার্যপত্র হিসাব চক্রের কয়টি গুরুত্বপূর্ণ ধাপ সম্পন্ন করে?
ক) ৩টি খ) ৪টি
গ) ৫টি ঘ) ৬টি

২৭. কার্যপত্র প্রস্তুতের মাধ্যমে—
i. সমন্বয় সাধন প্রক্রিয়া সম্পূর্ণ হয়
ii. সমন্বিত রেওয়ামিলের বহিঃপ্রকাশ ঘটে
iii. গাণিতিক শুদ্ধতা নিশ্চিত হয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৮. কার্যপত্রের অংশ হলো—
i. খতিয়ান ii. রেওয়ামিল
iii. আর্থিক অবস্থার বিবরণী
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৯. নিট লাভ কার্যপত্রে দেখতে হয়—
i. আর্থিক অবস্থার বিবরণীর ডেবিটে
ii. আর্থিক অবস্থার বিবরণীর ক্রেডিটে
iii. বিশদ আয় বিবরণীর ডেবিটে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ৩০-৩২ নং প্রশ্নের উত্তর দাও:
জনাব কায়সার একটি যন্ত্রপাতি ৫০,০০০ টাকায় বিক্রয় করেন যার ক্রয়মূল্য ছিল ৩০,০০০ টাকা। এছাড়া তিনি ২,০০,০০০ টাকা দিয়ে একটি যন্ত্রপাতি ক্রয় করেন এবং এর পরিবহন ব্যয় পরিশোধ করেন ৫,০০০ টাকা।

৩০. মূলধনায়িত ব্যয় কত?
ক) ২,০০,০০০ টাকা খ) ৫০০ টাকা
গ) ৩০,০০০ টাকা ঘ) ২০,০০০ টাকা

৩১. মূলধন জাতীয় প্রাপ্তি কত?
ক) ২,০০,০০০ টাকা খ) ৫০,০০০ টাকা
গ) ৩০,০০০ টাকা ঘ) ২০,০০০ টাকা

৩২. মূলধন জাতীয় আয় কত?
ক) ২,০০,০০০ টাকা খ) ৫০,০০০ টাকা
গ) ৩০,০০০ টাকা ঘ) ২০,০০০ টাকা

৩৩. ৫০,০০০ টাকার মেশিন ক্রয় করে ৫,০০০ টাকা বহন খরচ ও ১৫০০০ টাকা সংস্থাপন ব্যয় পরিশোধ করা হলে, মেশিন হিসাব কত টাকা ডেবিট করা হবে?
ক) ৫০,০০০ টাকা খ) ৫৫,০০০ টাকা
গ) ৬৫,০০০ টাকা ঘ) ৭০,০০০ টাকা

উদ্দীপকটি পড়ো এবং ৩৪ ও ৩৫ নং প্রশ্নের উত্তর দাও:
তাজ ট্রেডার্স বছরের শুরুতে ৫,০০,০০০ টাকা দিয়ে একটি মেশিন ক্রয় করে এবং মেশিনটির পরিবহন ও সংস্থাপন ব্যয় বাবদ যথাক্রমে ২০,০০০ টাকা ও ১০,০০০ টাকা প্রদান করে। মেশিনটির ওপর ৫% অবচয় ধার্য করা হয়।

৩৪. বছর শেষে মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ কত?
ক) ২৫,০০০ টাকা খ) ২৬,৫০০ টাকা
গ) ৩০,০০০ টাকা ঘ) ৫৬,৫০০ টাকা

৩৫. মেশিনটি ক্রয়ের ফলে প্রতিষ্ঠানের—
i. উৎপাদন ক্ষমতা বৃদ্ধি পাবে
ii. উৎপাদন ব্যয় বৃদ্ধি পাবে
iii. উৎপাদন ব্যয় হ্রাস পাবে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩৬. অবচয় ধার্যের ফলে কী ঘটে?
ক) সম্পত্তি বৃদ্ধি ও খরচ বৃদ্ধি
খ) দায় বৃদ্ধি ও খরচ বৃদ্ধি
গ) সম্পত্তি হ্রাস ও খরচ হ্রাস
ঘ) সম্পত্তি হ্রাস ও খরচ বৃদ্ধি

৩৭. নিচের কোনটি সর্বাধিক শুদ্ধ চলতি সম্পদের ক্রম?
ক) নগদ, প্রাপ্য হিসাব, ব্যাংক মজুদ
খ) ব্যাংক, নগদ, মজুদ, প্রাপ্য
গ) মজুদ, ব্যাংক, নগদ, প্রাপ্য হিসাব
ঘ) নগদ, ব্যাংক, প্রাপ্য হিসাব

৩৮. আর্থিক বিবরণীর ব্যাখ্যা ও বিশ্লেষণের উদ্দেশ্য কী?
i. বিভিন্ন পক্ষকে তথ্য সরবরাহ করা
ii. সম্পত্তির পরিমাণ জানা
iii. দায়ের পরিমাণ জানা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ৩৯ ও ৪০ নং প্রশ্নের উত্তর দাও:
মি. কামাল ১ জানুয়ারি ২০১৪ তারিখে ৩,৫০,০০০ টাকা মূলধন নিয়ে ব্যবসায় শুরু করলেন। উক্ত বছর শেষে তার সম্পদ ও দায় ছিল— নগদ ৫০,০০০ টাকা, প্রাপ্য হিসাব ৩,০০,০০০ টাকা, সমাপনী মজুদ ৫,০০,০০০ টাকা ও প্রদেয় হিসাব ২,০০,০০০ টাকা।

৩৯. মি. কামালের ২০১৪ সালে লাভের পরিমাণ কত?
ক) ৮,০০,০০০ টাকা খ) ৪,৫০,০০০ টাকা
গ) ৩,০০,০০০ টাকা ঘ) ১,০০,০০০ টাকা

৪০. যদি প্রাপ্য হিসাবের ওপর ১০% অনাদায়ী পাওনা সঞ্চিতি ধার্য করা হয় তাহলে আর্থিক অবস্থার ওপর কী প্রভাব পড়বে?
ক) সম্পদ হ্রাস ও মালিকানাস্বত্ব হ্রাস পাবে
খ) সম্পদ বৃদ্ধি ও মালিকানাস্বত্ব বৃদ্ধি পাবে
গ) সম্পদ হ্রাস ও মালিকানাস্বত্ব বৃদ্ধি পাবে
ঘ) একটি সম্পদ হ্রাস ও অন্য একটি সম্পদ বৃদ্ধি পাবে